

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

ঢাকা : ৩রা ফাল্গুন, ১৩৯৯ বাংলা । ১৫ই ফেব্রুয়ারী, ১৯৯৩ ইংরেজী ।

নং এস,আর, ও ৩৬-আইন/৯৩/১৫০২/শুল্ক— ও মূল্য সংযোজন কর। Customs Act, 1969 (IV of 1969) এর Section 19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা (১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে এবং তদানীন্তন পাকিস্তান সরকারের Notification No. SRO 977(K)/60 dated 4th August, 1969 রহিত করিয়া সরকার কোন দাতব্য ও অলাভজনক প্রতিষ্ঠান কর্তৃক কোন দাতাসংস্থা হইতে অনুদান হিসাবে প্রাপ্ত বা ক্রয়কৃত ও বাংলাদেশে আমদানীকৃত মূক, বধির অক্ষ এবং শারীরিক মানসিকভাবে প্রতিবন্ধীদের পুনর্বাসনের জন্য অত্যাৱশ্যক যন্ত্রপাতি ও উপকরণের উপর আরোপণীয় সমুদয় শুল্ক ও মূল্য সংযোজন কর নিম্নবর্ণিত শর্তে মওকুফ করিল, যথাঃ—

- (ক) দাতাসংস্থা কর্তৃক কোন শর্ত আরোপ করা যাইবে না এবং গ্রহীতা নিজ প্রতিষ্ঠানের ঘোষিত লক্ষ্য বাস্তবায়নের উদ্দেশ্যে উক্ত যন্ত্রপাতি ও উপকরণ ব্যবহারের পূর্ণ স্বাধীনতা ভোগ করিবে; এবং
- (খ) গ্রহীতা বা ক্রেতা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট কমিশনারের নিকট এইমর্মে মুচলেকা প্রদান করিবে যে, যেই উদ্দেশ্যে উক্ত যন্ত্রপাতি ও উপকরণ আমদানী করা হইয়াছে সেই উদ্দেশ্যে ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে উহা ব্যবহার করা হইবে না বা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট বিক্রয় বা হস্তান্তর করা হইবে না এবং উক্ত মুচলেকা ভংগ করিলে গ্রহীতা বা ক্রেতা প্রতিষ্ঠান উক্ত যন্ত্রপাতি ও উপকরণের উপর আরোপণীয় সমুদয় শুল্ক ও মূল্য সংযোজন কর পরিশোধ করিতে বাধ্য থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষর /=

(ডঃ মসিউর রহমান)

সচিব।